

জীবনযাপন

গবেষণা ও বিদেশে উচ্চশিক্ষায় সহায়তা করে ঢাবির এই সংগঠন

তানভীর রহমান

প্রকাশ: ০২ মার্চ ২০২৫, ২০: ০৯



প্রায় ৩০টি বিশ্ববিদ্যালয়ে গবেষণা সংসদ তৈরি করেছেন ডিইউআরএসের সদস্যরা ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের শিক্ষার্থী সাইফুল্লাহ সাদেকের উদ্যোগে ২০১৬ সালের ৬ ডিসেম্বর যাত্রা শুরু করে ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদ (ডিইউআরএস)। তরুণদের গবেষণায় উদ্বুদ্ধ করা, গবেষণাভীতি দূর করা, গবেষণামুখী ক্যারিয়ারের দিকে ধাবিত করা ডিইউআরএসের অন্যতম লক্ষ্য। লক্ষ্য পূরণে নানামাত্রিক কার্যক্রম তাঁরা পরিচালনা করেন। সেসব কার্যক্রম সম্পর্কে একটা ধারণা দিলেন সংসদের সভাপতি মো. ফাহিম হাসান, 'বিদেশে উচ্চশিক্ষার জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়গুলোর একটি গবেষণা। এই গবেষণার প্রসারে মৌলিক

গবেষণার প্রশিক্ষণ, গবেষণা সেমিনার, সম্মেলন, জার্নাল প্রকাশের মতো বিষয়ে অবদান রেখে চলেছে আমাদের সংগঠন।’

শিক্ষার্থীভেদে গবেষণা সংসদের আয়োজন ভিন্ন হয়ে থাকে। যেমন প্রথম বর্ষের শিক্ষার্থীদের জন্য আছে আন্ডারগ্র্যাজুয়েট রিসার্চ সামিট, ইন্টারন্যাশনাল স্টুডেন্ট রিসার্চ কনফারেন্স ও স্নাতক গবেষণা আড্ডা। আন্ডারগ্র্যাজুয়েট রিসার্চ ফেলোশিপও দেয় ডিইউআরএস। আছে আন্ডারগ্র্যাজুয়েট রিসার্চ ইন্টার্ন হিসেবে কাজ করার সুযোগ। থিসিস, গবেষণা মনোগ্রাফ ও প্রস্তাবনা তৈরির বিশেষ প্রশিক্ষণ দেয় এই সংগঠন। ২০২০ সালে সংগঠনটি প্রথমবারের মতো আয়োজন করে ফাস্ট ইন্টারন্যাশনাল স্টুডেন্ট রিসার্চ কনফারেন্স, ২০২৩ সালে ফাস্ট আন্ডারগ্র্যাজুয়েট রিসার্চ সামিট। ২০২৪ সালের ৬ ডিসেম্বর ‘আন্ডারগ্র্যাজুয়েট রিসার্চ ডে’ পালন করে তারা। নিয়মিত আয়োজন হিসেবে মিট দ্য রিসার্চার সেশন, দেশ-বিদেশে গবেষণাপ্রমণ ও গবেষণা মেলা তো আছেই।

উচ্চশিক্ষার জন্য এই সংগঠনে আছে ‘স্কলারশিপ অ্যান্ড হায়ার এডুকেশন উইং’। এখানে ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদের প্রাক্তন সদস্যরা তাঁদের অভিজ্ঞতার গল্প শোনান। এ সম্পর্কে মো. ফাহিম হাসান বলেন, ‘আমাদের গবেষণা সংসদের অনেক সদস্য ও নির্বাহী ইতিমধ্যে উচ্চশিক্ষা নিতে বিদেশে পাড়ি জমিয়েছেন। এশিয়া, ইউরোপ ও যুক্তরাষ্ট্রের বিভিন্ন দেশে নামী বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ করছেন বা করেছেন। মূলত তাঁরাই এখানে সাফল্যের গল্প শোনান। এই উইংয়ের নিজস্ব ডেটাবেজ আছে। একজন শিক্ষার্থীকে বিদেশে উচ্চশিক্ষার জন্য কী কী করতে হবে, কীভাবে বৃত্তি পাবে—বিস্তারিত দিকনির্দেশনা এতে রয়েছে।’

ঢাকা বিশ্ববিদ্যালয় গবেষণা সংসদের পাঁচ শতাধিক সদস্য এখন পর্যন্ত বিদেশে উচ্চশিক্ষার সুযোগ পেয়েছেন। উচ্চশিক্ষার জন্য প্রস্তুত হচ্ছে আরও কয়েক হাজার। সারা দেশে এই ইতিবাচকতার জোয়ার ছড়িয়ে দিতে প্রায় ৩০টি বিশ্ববিদ্যালয়ে গবেষণা সংসদ তৈরি করেছেন ডিইউআরএসের সদস্যরা।

